



তথ্যবিবরণী

নম্বর-২৫৯

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয় বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৩১ বৈশাখ (১৪ মে):

‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক এক মতবিনিময় সভা আজ (১৪ মে) বেলা এগারোটায় মোহনপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মোহনপুর উপজেলা প্রশাসনের সহযোগিতায় জেলা তথ্য অফিস এ অনুষ্ঠান আয়োজন করে।

উপজেলা নির্বাহী অফিসার আয়েশা সিদ্দিকার সভাপতিত্বে মতবিনিময় সভায় মুখ্য আলোচক হিসেবে বক্তৃতা করেন পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মো: তোহিদুজ্জামান। তথ্য অফিসের পরিচালক মোহা. ফরহাদ হোসেন বিশেষ অতিথির বক্তৃতা করেন।

মতবিনিময় সভায় বক্তাগণ বলেন, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার বিষয়ে আমাদের কোনো সংশয় নেই। স্মার্ট বাংলাদেশ কেমন হবে তা যদি আমরা সবাই বুঝতে পারি এবং নিজেরা এই উদ্যোগের সাথে সম্পৃক্ত হই তবে এটা আরো আগেই অর্জিত হবে। স্মার্ট বাংলাদেশের মূল চালিকা শক্তি হচ্ছে স্মার্ট নাগরিক। নাগরিক স্মার্ট হলে অর্থনীতি স্মার্ট হবে, সরকারও স্মার্ট হবে এবং সমাজ স্মার্ট হবে।

নাগরিকদের স্মার্ট হওয়ার জন্য প্রযুক্তি জ্ঞান অর্জনসহ সরকারি-বেসরকারি সেবা অনলাইনে গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

মতবিনিময় সভা শেষে একই স্থানে সর্বজনীন পেনশন বিষয়ক এক ডকুমেন্টরি প্রদর্শন করা হয়।

.....

তোহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬.৪০ ঘ.